



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ভিত্তি শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)
ফ্যাক্সঃ ৮৮-০৮১-১১১১১; ই-মেইল : principal@cvsc.edu.bd ওয়েব সাইট : www.cvsc.edu.bd
Facebook Page: <https://www.facebook.com/cvsc.edu.bd>

স্থাপিত - ১৮৯৯

তারিখ: ২৮/০৮/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

কবি কাজী নজরুল ইসলাম হলে কিছু সংখ্যক শূন্য আসন পূরণের জন্য অত্র কলেজের স্নাতক (সম্মান), স্নাতকোত্তর ১ম পর্ব (প্রিলিমিনারি) ও স্নাতকোত্তর শেষ পর্বের নিয়মিত ছাত্রদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী ছাত্রদেরকে ফরমের মূল্য বাবদ নগদ ৩০০/- (তিনশত) টাকা পরিশোধ পূর্বক প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টার মধ্যে কবি কাজী নজরুল ইসলাম হল অফিস কক্ষ থেকে ফরম সংগ্রহ ও জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

- ফরম বিতরণের সময়সীমা: ০১/০৯/২০২৫ খ্রি. থেকে ২০/০৯/২০২৫ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)
- পরীক্ষার তারিখ: ২২/০৯/২০২৫ (সোমবার), সময়: সকাল ০৯:৩০ টা, স্থান: পরীক্ষা ভবন, ডিগ্রি শাখা।
- চূড়ান্ত তালিকা প্রকাশ: ২৩/০৮/২০২৫ খ্রি.
- ভর্তি তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি. ও ২৯/০৯/২০২৫ খ্রি. (হল তত্ত্বাবধায়কের কার্যালয় সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত)

আবেদনের শর্তাবলী :

১. ২০২৪-২০২৫ সেশনে অনার্স ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।
২. বিবাহিত এবং অনিয়মিত শিক্ষার্থী হলে ভর্তির অযোগ্য।
৩. কলেজের ০৫ মাইল ব্যাসার্ধের মধ্যে বসবাসকারী শিক্ষার্থীদের হলে আসন বরাদ্দ দেওয়া হবে না।
৪. দরখাস্তের সাথে সকল পরীক্ষা পাশের ০১ (এক) কপি করে প্রশংসাপত্র, মার্কশীট ও পাসপোর্ট সাইজের রঙিন ০২ (দুই) কপি ছবি জমা দিতে হবে।
৫. দরখাস্তের সাথে স্থানীয় ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূল কপি জমা দিতে হবে।
৬. দরখাস্তে ক্লাসে উপস্থিতির হার, নিয়মিত/অনিয়মিত, আচার-আচরণ ইত্যাদি সম্পর্কে বিভাগীয় প্রধানের সুস্পষ্ট মন্তব্য/সুপারিশ থাকতে হবে।
৭. বিগত বছরে যে সকল শিক্ষার্থী হলের আসন পায়নি সে সকল শিক্ষার্থী পুনরায় দরখাস্ত করতে পারবে।
৮. দরখাস্ত অসম্পূর্ণ থাকলে কিংবা ভুল বা ভুয়া তথ্য প্রদান করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৯. ইতিপূর্বে ভুয়া সার্টিফিকেট, ভুল তথ্য প্রদানের কারণে যাদের দরখাস্ত বাতিল হয়েছে তাদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই। এছাড়া অসদাচরণের দায়ে হল থেকে বহিস্কৃত বা আসন বাতিলকৃত শিক্ষার্থীদের পুনরায় হলে দরখাস্ত করার সুযোগ নেই।
১০. দরখাস্তসমূহ যথারীতি যাচাই-বাছাইয়ের পর লিখিত ও মৌখিক পরীক্ষার (বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান) মাধ্যমে বিভিন্ন বিভাগের মেধাভিত্তিক তালিকা তৈরি করে তা যথাসময়ে প্রকাশ করবে। বর্তমানে শূন্য আসনসমূহ পূরণের পর পরবর্তী সময়ে আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে মেধানুসারে ছাত্র ভর্তি করা হবে।
১১. ১ম/২য়/৩য়/৪র্থ বর্ষ সম্মান শ্রেণির ও মাস্টার্স ১ম/শেষ বর্ষের শিক্ষার্থীদের মাস্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষা পর্যন্ত সময়ের জন্য ভর্তি করা হবে।
১২. ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিমাসে হল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।
১৩. কর্তৃপক্ষ যে কোন বিবেচনায় যে কোন ফরম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্বাক্ষর)

প্রফেসর মোঃ আবুল বাসার ভূঞা (৭৬৩২)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা

(স্বাক্ষর) ২৮.৮.২০২৫

মোহাম্মদ সিপন মিয়া

সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ
ও

তত্ত্বাবধায়ক

কবি কাজী নজরুল ইসলাম হল
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা

বিতরণ:

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০২। সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৩। হল তত্ত্বাবধায়ক, কবি কাজী নজরুল ইসলাম হল, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৪। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা